DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 22 Nov 2026, 06:29 PM

আন্তর্জাতিক

ইরানের অভ্যন্তরে বিভাজন তৈরির চেষ্টা করছে যুক্তরাষ্ট্র-ইসরায়েল

প্রতিবেদক: Bangladesh
প্রকাশের তারিখ: বুধবার, ৩০ সেপ্টেম্বর ২০২৬, ১২:৩৩ PM



সামরিক শক্তি প্রয়োগ করে ইরানকে নত করতে ব্যর্থ হওয়ার পর যুক্তরাষ্ট্র ও ইসরায়েল এখন দেশটির অভ্যন্তরে বিভাজন সৃষ্টির চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান।

দেশটির রাষ্ট্রীয় সংবাদ সংস্থা ইরনার প্রতিবেদনে বলা হয়েছে, বড় শহর ও প্রাদেশিক রাজধানীগুলোর মেয়রদের সঙ্গে এক বৈঠকে এ অভিযোগ করেন পেজেশকিয়ান। তিনি বলেন, সামরিক যুদ্ধের মাধ্যমে ইরানের জনগণকে আত্মসমর্পণে বাধ্য করতে ব্যর্থ হওয়ার পর □শত্রুরা□ এখন অভ্যন্তরীণ বিভাজন তৈরি এবং তা আরও গভীর করার দিকে মনোযোগ দিয়েছে।

পেজেশকিয়ান জাতীয় ঐক্য ও সংহতি বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, কোনো একটি গোষ্ঠীর নিজেদের □সবজান্তা□ মনে করে দেশের অন্যদের দুর্বল করা উচিত নয়। ইরানের প্রেসিডেন্ট আরও বলেন, দেশের বিরুদ্ধে ষড়যন্ত্র মোকাবিলায় সব নাগরিকের অংশগ্রহণই সবচেয়ে গুরুত্বপূর্ণ উপায়। জাতীয় ঐক্য ধরে রাখা এবং জনগণের অংশগ্রহণ নিশ্চিত করাই দেশের জন্য গুরুত্বপূর্ণ বলেও উল্লেখ

করেন তিনি।

এ বিভাগের আরও খবর




ক্ষমতা ধরে রাখতে মরিয়া নেতানিয়াহু, ইসরায়েলে বাড়ছে সহিংসতার শঙ্কা

ইসরায়েলের সাম্প্রতিক নির্বাচনের পর রাজনৈতিক সংকটে পড়েছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। বিরোধীদের বিরুদ্ধে ধারাবাহিক আক্রমণ, নির্বাচনের...



ক্রিমিয়া সেতুতে হামলার জবাবে ইউক্রেনে রাশিয়ার ব্যাপক হামলা, নিহত ৮

ক্রিমিয়া সেতুতে ইউক্রেনের হামলার প্রতিক্রিয়ায় দেশটির বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। এতে রাজধানী কিয়েভে ছয়...



হরমুজ প্রণালিতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের

পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের অত্যাধুনিক এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরান। দেশটির সেনাবাহ...



সৌদি ভূখণ্ডের কিছু অংশ হুথিদের দখলে, দাবি টাকার কার্লসনের

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সৌদি আরবের কিছু এলাকা দখলে রেখেছে বলে দাবি করেছেন মার্কিন রক্ষণশীল পডকাস্টার টাকার কার্লসন। তাঁর অভিযোগ, সৌদি ভূখণ্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/iraner-obhjntre-bibhajn-toirir-cheshta-krchhe-juktrashtr-israyel